বরুণ মজুমদার

সুপার চিলড্রেন কুইজ

দশ—বার বছর ছেলেমেয়েদের জন্য

সুপার চিল্ড্রেন কুইজ

[তৃতীয় খণ্ড]

বরুণ মজুমদার
সাংবাদিক আকাশবাণী

রঞ্জন প্রকাশন
৮/১এ, শ্যামাচরণ দে স্ট্রীট
কলিকাতা—৭৩

: প্রকাশক :
দেবাশীষ বল
রঞ্জন প্রকাশন
৮/১এ, শ্যামাচরণ দে স্ট্রীট
কলিকাতা-৭৩


: প্রথম প্রকাশ :
২৭শে জানুয়ারী, ১৯৮৮, কলিকাতা পুস্তকমেলা

: প্রচ্ছদ :
অমিয় ভট্টাচার্য

: অলঙ্করণ :
দীপঙ্কর বন্দ্যোপাধ্যায়

: মূল্য :
প্রথম খণ্ড—আট টাকা
দ্বিতীয় খণ্ড—আট টাকা
তৃতীয় খণ্ড—আট টাকা
তিন খণ্ড একত্রে—কুড়ি টাকা

: মুদ্রাকর :
অশোককুমার চৌধুরী
চৌধুরী প্রিন্টিং ওয়ার্কস
পি-২১ সাহিত্য পরিষদ ষ্ট্রীট
কলিকাতা-৬



ভূমিকা


'কলিকাতা পুস্তক মেলা' শুরু হতে তখনও তিন-চার মাস বাকি। একটা বই ছাপার বিষয় নিয়ে আলোচনা হচ্ছিল রঞ্জন প্রকাশনের তরুণ প্রকাশক শ্রীদেবাশিস বলের সাথে। এমনি কথা প্রসঙ্গে তিনি অত্যন্ত ক্ষোভের সঙ্গে বললেন, "কলকাতা বইয়ের বাজার এখন ক্যুইজের বইয়ে ছেয়ে গেছে! রেডিওতে, টিভিতে, পাড়ায় পাড়ায় সারা বছর ধরে চলছে ক্যুইজ কনটেস্ট। কিন্তু একেবারে ছোট ছেলে মেয়েদের অর্থাৎ শিশুদের উপযোগী বাংলায় ক্যুইজের বই একটি-ও নেই! অথচ ভবিষ্যতে বিভিন্ন ক্যুইজ কনটেস্টে মোকাবিলা করার জন্য, শিশুকে বুদ্ধিদীপ্ত করে গড়ে তোলার জন্য ভালো ক্যুইজের বই একান্ত প্রয়োজন।" অস্বীকার করার উপায় নেই। মেনে নিতে হলো তরুণ প্রকাশকের ক্ষোভপূর্ণ অভিযোগ। তাঁর সেই ক্ষোভই হলো আমার অনুপ্রেরণা। ফলে প্রকাশিত হলো 'সুপার চিলড্রেন ক্যুইজ'।

একেবারে ছোট্ট বয়স থেকে শুরু করে ধাপে ধাপে বিজ্ঞান সম্মত পদ্ধতিতে সাজানো হয়েছে 'সুপার চিলড্রেন ক্যুইজ'-এর তিনটি খণ্ড। ছোটদেরই জানা—অজানার জগৎ থেকে তুলে আনা হয়েছে

প্রশ্নগুলি। অভিভাবকের কাছে সেগুলি খুব সহজবোধ্য বলে মনে হলেও ছোটদের বুদ্ধির বিকাশ ঘটাতে এগুলি খুবই সাহায্য করবে বলে আমার বিশ্বাস।

বইগুলি সাজানোর ব্যাপারে আমাকে সর্বতো ভাবে সাহায্য করেছেন শ্রীদীপঙ্কর বন্দ্যোপাধ্যায় ও শাশ্বতী বন্দ্যোপাধ্যায়। তবে যাদের জন্য এই বইটি করা তাদের অর্থাৎ ছোটদের উপকারে লাগলেই আমার পরিশ্রম সঠিক হয়েছে বলে মনে করবো।

১৮ই জানুয়ারী, ১৯৮৮। —বরুণ মজুমদার



কুইজ

১

সঠিক উত্তরের পাশে √ চিহ্ন দাও ঃ—

১। তোমার মাতৃভূমির নাম কি ?

(ক) বাংলাদেশ (খ) ভারত (গ) কলকাতা

২। তোমার মাতৃভাষা কি ?

(ক) ইংরেজী (খ) হিন্দী (গ) বাংলা

৩। ভারতের উত্তরে যে পর্বতটা আছে তার নাম কি ?

(ক) আন্ডিজ (খ) হিমালয় (গ) কাঞ্চনজঙ্ঘা

৪। ভারতের সবচেয়ে ছোট রাজ্য কোনটা ?

(ক) পশ্চিমবঙ্গ (খ) বিহার (গ) সিকিম

৫। ভারতের দক্ষিনে যে মহাসাগরটা আছে তার নাম কি ?

(ক) প্রশান্ত মহাসাগর (খ) আটলান্টিক মহাসাগর
(গ) ভারত মহাসাগর

৬। ভারতের সাতটা প্রতিবেশী দেশের নাম বলতে পারবে কি ?

(ক) পাকিস্তান, বিহার, বাংলাদেশ, ওড়িষ্যা, আসাম গোয়া, পশ্চিমবঙ্গ

(খ) পাকিস্তান, বাংলাদেশ, চীন, নেপাল ভূটান, শ্রীলঙ্কা, বার্মা

(গ) পাকিস্তান, হিন্দুস্হান, চীন, এশিয়া, আমেরিকা, থাইল্যাণ্ড, বার্মা

৭। ১৯৪৭ সালের আগে কোন দুটি দেশ ভারতবর্ষের অঙ্গ ছিল ?

(ক) নেপাল ও ভূটান (খ) পাকিস্তান ও বাংলাদেশ
(গ) বার্মা ও শ্রীলঙ্কা

৮। পাকিস্তান আলাদা দেশ হিসাবে গড়ে ওঠে কোন সালে ?

(ক) ১৯৪৮ সালে (খ) ১৯৪৭ সালে
(গ) ১৯৫৭ সালে

৯। বাংলাদেশ একটা আলাদা দেশ হিসাবে গড়ে ওঠে কত সালে ?

(ক) ১৯৪৭ সালে (খ) ১৯৫৭ সালে

(গ) ১৯৭১ সালে

১০। বাংলাদেশের আগেকার নাম কি ছিল ?

(ক) বাংলা (খ) পূর্ব পাকিস্হান (গ) সিন্ধু প্রদেশ

১১। ভারতের আকৃতিটা অনেকটা কি রকম দেখতে ?

(ক) ত্রিভুজের মত (খ) চারকোনা (গ) গোলাকার

১২। ভারতের অধিবাসীদের কি বলা হয় ?

(ক) বাঙালী (খ) ভারতীয় (গ) হিন্দুস্হানী

১৩। ভারতের সমস্ত অধিবাসী কি একই ধম অনুসরণ করে ?

(ক) না, বিভিন্ন ধর্ম অনুসরণ করে

(খ) হ্যাঁ, একই ধর্ম অনুসরণ করে

(গ) না, দুটি ধর্ম অনুসরণ করে

১৪। ভারতে কটি ধর্ম চালু আছে ?

(ক) দুটি (খ) পাঁচটি (গ) সাতটি

১৫। ভারতের সাতটি ধর্ম কি কি ?

(ক) বাঙালী, মুসলমান, হিন্দু, শিখ, হিন্দুস্তানী, মারাঠী, গুজরাটি

(খ) হিন্দু, ইসলাম, খৃষ্ট, জৈন, বৌদ্ধ, পার্শী, শিখ

(গ) হিন্দু, মুসলমান, খৃষ্টান, আর্য্য, অনার্য্য, শিখ ভোজপুরী

১৬। পার্শীরা কোথায় উপাসনা করে ?

(ক) মসজিদে (খ) মন্দিরে (গ) গীর্জায়

১৭। জৈনদের উপাসনাস্থল হল—

(ক) মসজিদ (খ) মন্দির (গ) গুরুদোয়ারা
—কোনটা ঠিক ?

১৮। বৌদ্ধদের উপাসনাস্থল হল—

(ক) মন্দির (খ) মসজিদ (গ) বিহার

১৯। হজরত মহম্মদের ধর্ম যারা পালন করে তাদের বলে—

(ক) হিন্দু (খ) মুসলিম (গ) শিখ
—কোনটা ঠিক ?

২০। গুরু নানকের ধর্ম যারা পালন করে, তাদের ধর্মের নাম কি ?

(ক) মুসলীম (খ) খৃষ্টান (গ) শিখ

২১। হিন্দুরা কোথায় উপাসনা করে ?

(ক) মন্দিরে (খ) মসজিদে (গ) গীর্জায়

২২। বুদ্ধদেব যে ধর্মের প্রচার করেছিলেন তার নাম কি ?

(ক) বোধি (খ) নির্বাণ (গ) বৌদ্ধ

২৩। আমরা কোথায় বাস করি ?

(ক) বায়ুমণ্ডলে (খ) পৃথিবীতে (গ) মাটির তলায়

২৪। আকাশ কোথায় ?

(ক) মাটির তলায় (খ) আমাদের মাথার ওপর
(গ) আমাদের মাথার নিচে

২৫। পৃথিবী কি এক জায়গায় দাঁড়িয়ে আছে ?

(ক) হ্যাঁ, এক জায়গায় দাঁড়িয়ে আছে
(খ) না, পৃথিবী ঘুরছে
(গ) পৃথিবীকে সূর্য্য প্রদক্ষিন করছে

২৬। সূর্য্য কি এক জায়গায় দাঁড়িয়ে আছে ?

(ক) না, সূর্য্য ঘুরছে
(খ) হ্যাঁ, এক জায়গায় দাঁড়িয়ে আছে ?
(গ) সূর্য্য পৃথিবীকে প্রদক্ষিণ করছে

২৭। আমরা দেখি সূর্য্য পূর্বদিকে উঠে, ঘুরতে ঘুরতে ঘুরতে পশ্চিমদিকে অস্ত যাচ্ছে। পৃথিবী সূর্য্যের চারদিকে ঘুরছে না সূর্য্য পৃথিবীর চারদিক ঘুরছে ?

(ক) সূর্য্য পৃথিবীর চারদিক ঘুরছে
(খ) পৃথিবী সূর্য্যের চারদিকে ঘুরছে
(গ) পৃথিবী ও সূর্য্য দুটোই দাঁড়িয়ে আছে

২৮। **চাঁদের কি নিজস্ব আলো আছে ?**


(ক) হ্যাঁ, চাঁদের নিজস্ব আলো আছে
(খ) না, চাঁদ সূর্য্যের আলোতে আলোকিত হয়
(গ) চাঁদের আলোতে সূর্য্য আলোকিত হয়

২৯। **চাঁদে কি কোন প্রাণের অস্তিত্ব আছে ?**

(ক) হ্যাঁ, চাঁদে প্রাণী আছে
(খ) না, চাঁদে কোনো প্রাণী নেই
(খ) চাঁদে গাছপালা আছে।

৩০। **মানুষ কোন সালে চাঁদের মাটিতে নামে ?**

(ক) ১৯৬৯ সালে (খ) ১৯৫৯ সালে
(গ) ১৯৭০ সালে



২৩—২৮টি উত্তর ঠিক হ'লে মান 'ক'
১৮—২২টি উত্তর ঠিক হ'লে মান 'খ'
১২—১৭টি উত্তর ঠিক হ'লে মান 'গ'

কুইজ
২

সঠিক উত্তর বেছে নিয়ে √ চিহ্ন দাও ঃ—

১। পৃথিবী কি ?

(ক) পৃথিবী হল একটা জ্বলন্ত অগ্নিপিণ্ড
(খ) পৃথিবী হল একটা গ্রহ
(গ) পৃথিবী হল স্থলভাগ

২। সূর্য্য কি ?

(ক) একটা জ্বলন্ত গ্যাসের পিণ্ড বা গোলা
(খ) একট উজ্জ্বল বৈদ্যুতিক আলো
(গ) সবচেয়ে বড় তারা

৩। সূর্য্য থেকে ছিটকে পড়া অংশগুলো কি ?

(ক) তারা (খ) ধূমকেতু (গ) গ্রহ

৪। পৃথিবীর জন্ম হয়েছে কি থেকে ?

(ক) জল থেকে (খ) স্থল থেকে (গ) সূর্য থেকে

৫। পৃথিবীতে প্রথম জীবন্ত জিনিষ কি ?

(ক) মানুষ (খ) শেওলা (গ) মাছ

৬। পৃথিবীতে সর্বপ্রথম কি দেখা দিয়েছিল ?

(ক) শেওলা (খ) গাছপালা (গ) জল

৭। পৃথিবীতে শেওলার পর কোন প্রাণী জলে দেখা দিয়েছিল ?

(ক) জলহস্তী (খ) মাছ (গ) কুমীর

৮। মানুষ কি ?

(ক) আর সব প্রাণীর মতই এক শ্রেণীর প্রাণী
(খ) মানুষ মোটেই প্রাণী নয়
(গ) মানুষ হস্তী শ্রেণীর বুদ্ধিমান জীব

৯। জলের প্রাণী যখন ডাঙ্গায় উঠে এলো তখন সেগুলো দেখতে কেমন ছিল ?

(ক) ছোট ও সুন্দর (খ) আকারে যেমন বড় তেমন বিশ্রী
(গ) মোটামুটি ভাল দেখতে ছিল

১০। পণ্ডিতদের ধারণা মানুষ কি থেকে সৃষ্টি হয়েছে ?

(ক) মাটি থেকে (খ) জল থেকে
(গ) বাঁদর জাতীয় প্রাণী ও গোরিলা থেকে

১১। মানুষ প্রথমে কোথায় বাস করতো ?

(ক) মাটির বাড়ীতে (খ) গ্রামে
(গ) বনে

১২। পৃথিবীতে মোট কটা মহাদেশ আছে ?

(ক) দুটো (খ) পাঁচটা (গ) সাতটা

১৩। পৃথিবীতে মোট কটা মহাসাগর আছে ?

(ক) তিনটে (খ) পাঁচটা (গ) সাতটা

১৪। ভারত কোন মহাদেশে পড়ে ?

(ক) আফ্রিকা (খ) এশিয়া (গ) ইউরোপ

১৫। ভারতে মোট কটা রাজ্য আছে ?

(ক) ২২টা (খ) ২৫টা (গ) ২৩টা

১৬। পশ্চিমবঙ্গের সরকারী ভাষা কি ?

(ক) ইংরেজী (খ) হিন্দি (গ) বাংলা

১৭। কন্নড় কোন রাজ্যের সরকারী ভাষা ?

(ক) কেরালা (খ) কর্ণাটক (গ) মহীশূর

১৮। পৃথিবীর সবচেয়ে বড় মরুভূমির নাম কি ?

(ক) গোবি (খ) থর (গ) সাহারা

১৯। সাহারা মরুভূমি কোথায় ?

(ক) ভারতে (খ) উত্তর আফ্রিকায়
(গ) উত্তর আমেরিকায়

২০। আরবি ভাষায় সাহারা বলতে কি বোঝায় ?

(ক) দিশা (খ) মরুভূমি (গ) বালিয়াড়ী

২১। ভারতে প্রথম পারমানবিক শক্তি কেন্দ্র কোথায় স্থাপিত হয় ?

(ক) বিলাসপুর (খ) তারাপুর (গ) সালেম

২২। ভারত ও বাংলাদেশের মধ্যে টেলি যোগাযোগ ব্যবস্থা চাল হয় কবে ?

(ক) ১৯৮৭ সালের ২৬শে মার্চ
(খ) ১৯৮৭ সালের ২১শে ডিসেম্বর
(গ) ১৯৮৫ সালের ২৩শে মার্চা

২৩। রেডক্রশের প্রতিষ্ঠা করেন কে ?

(ক) ব্যাডেন পাওয়েল (খ) জাঁ অঁরি দুনাঁত

২৪। কোন দেশ যুদ্ধে প্রথম ট্যাঙ্ক ব্যবহার করে ?

(ক) জাপান (খ) বৃটেন (গ) ফ্রান্স

২৫। মানিকদা নামে পরিচিত বিশ্ববিখ্যাত কোন চিত্র পরিচালক ?

(ক) উৎপলেন্দু চক্রবর্তী (খ) মৃণাল সেন
(গ) সত্যজিৎ রায়

২৬। আমাদের শরীরে কোন অংশে স্নায়ু নেই ?

(ক) কপালে (খ) পায়ে ও হাতে (গ) নখ ও চুলে

২৭। পাতাল রেল কোথায় চালু হয়েছিল ?

(ক) কলকাতায় (খ) টোকিওতে (গ) লণ্ডনে

২৮। কোন ভারতীয় মহিলা প্রথম এভারেস্ট চূড়ায় ওঠেন ?

(ক) আরতি সাহা (খ) বাচেন্দ্রি পাল

(গ) মিসেস তেনজিং

২৯। কোন বাঙালি লেখিকা প্রথম জ্ঞানপীঠ পুরস্কার পান ?

(ক) আশাপূর্ণা দেবী (খ) লীলা মজুমদার

(গ) নবনীতা দেবসেন

৩০। পদার্থ বিজ্ঞানে কে প্রথম নোবেল পুরস্কার পান ?

(ক) জার্মান বিজ্ঞানী ডব্ল্যু সি রোণ্টজেন (১৯০১)

(খ) আইনস্টাইন (১৯০১)

(গ) ভারতীয় বিজ্ঞানী ভাবা (১৯০২)



২৩—২৮টি উত্তর ঠিক হ'লে মান 'ক'

১৮—২২টি উত্তর ঠিক হ'লে মান 'খ'

১২—১৭টি উত্তর ঠিক হ'লে মান 'গ'

কুইজ

৩

শূন্যস্থানে সঠিক শব্দটি বসিয়ে বাক্যটি সম্পূর্ণ কর ঃ—

১। আকাশে ——— তারা আছে ?

(ক) ১ কোটি ২২ লক্ষ

(খ) ২৪ কোটি ২২ লক্ষ ৪ হাজার ৩ শো ১২

(গ) অগণিত

২। আকাশের নক্ষত্রের মধ্যে সূর্য্যের চেয়ে বড় নক্ষত্র কি আছে ?

(ক) হ্যাঁ সূর্যের চেয়ে বড় নক্ষত্র আছে

(খ) না, নক্ষত্রগুলি সূর্যের চেয়ে ছোট

(গ) নক্ষত্র ও সূর্য্য একই মাপের

৩। পৃথিবী ও সূর্য্য এর মধ্যে বড় হলো ——— ।

(ক) পৃথিবী (খ) সূর্য্য

৪। ——— নিয়ে সৌর জগৎ গঠিত।

(ক) সূর্য্য, গ্রহ ও চন্দ্র (খ) চাঁদ, তারা, ধূমকেতু
(গ) সূর্য্য, চন্দ্র, বায়ুমণ্ডল

৫। সৌর জগতে মোট ——— গ্রহ আছে। আরো গ্রহ আবিষ্কার করা হয়েছে।

(ক) সাতটা (খ) নটা (গ) আটটা

৬। যখন ———, তখন গ্রহণ হয়।

(ক) সূর্য্য চন্দ্র ও পৃথিবী একই সরলরেখায় আসে
(খ) সূর্য্য পৃথিবী থেকে অদৃশ্য হয়ে যায়
(গ) সূর্য্য চন্দ্র দুটিই একসঙ্গে দেখা যায়

৭। সূর্য্য ও পৃথিবীর মাঝখানে যখন চন্দ্র আসে, তখন হয় ———।

(ক) সূর্য্য গ্রহণ (খ) চন্দ্র গ্রহণ (গ) পূর্ণিমা

৮। ——— চন্দ্র গ্রহণ হয়।

(ক) অমাবস্যার রাত্রে (খ) পূর্ণিমার রাত্রে
(গ) একাদশীর রাত্রে

৯। ——— কোনো চাঁদ নেই।

(ক) মঙ্গল ও শনি গ্রহে (খ) বুধ ও বৃহস্পতি গ্রহে
(গ) মঙ্গল ও শুক্র গ্রহে

১০। ——— গ্রহ সূর্য্যের সবচেয়ে কাছে ?

(ক) শুক্র (খ) বুধ (গ) পৃথিবী

১১। ——— গ্রহ সূর্য্যের থেকে সবচেয়ে দূরে ?

(ক) ইউরেনাস (খ) শুক্র (গ) প্লুটো

১২। ——— সবচেয়ে বড় গ্রহ।

(ক) পৃথিবী (খ) বৃহস্পতি (গ) শনি

১৩। সবচেয়ে ছোট গ্রহ হলো ———।


(ক) বুধ (খ) বৃহস্পতি (গ) শনি

১৪। ——— গ্রহে প্রাণী আছে ?

(ক) মঙ্গল (খ) বৃহস্পতি (গ) পৃথিবী

১৫। পৃথিবী ——— চারদিকে ঘুরছে।

(ক) চন্দ্রের (খ) গ্রহের (গ) সূর্য্যের



১২—১৪টি উত্তর ঠিক হ'লে মান 'ক'
৯—১১টি উত্তর ঠিক হ'লে মান 'খ'
৬—৮টি উত্তর ঠিক হ'লে মান 'গ'

কুইজ

৪

সঠিক উত্তর বেছে নিয়ে ✓ চিহ্ন দাও :—

১। আমাদের দেশের প্রথম নাগরিক কে ?

(ক) প্রধানমন্ত্রী (খ) লোকসভার সদস্য (গ) রাষ্ট্রপতি

২। ভারতের সংসদে কটা কক্ষ ?

(ক) দুটো (খ) তিনটে (গ) চারটে

৩। ভারতীয় সংসদের কক্ষগুলির নাম কি ?

(ক) লোকসভা, রাজ্যসভা (খ) লোকসভা, বিধানসভা
(গ) রাজ্যসভা, বিধানসভা

৪। ভারতের সশস্ত্র বাহিনীর প্রধান হচ্ছেন।

(ক) ফিল্ড মার্শাল (খ) কম্যাণ্ডার ইন চীফ
(গ) রাষ্ট্রপতি

৫। ভারতে নাগরিকদের ভোটাধিকারের সর্বনিম্ন বয়স হল—

(ক) ১৫ বছর (খ) ২১ বছর (গ) ১৮ বছর

৬। ভারতের সরকারী ভাবে স্বীকৃত ভাষা মোট কটা ?

(ক) ২২টা (খ) ২৪টা (গ) ১৪টা

৭। ভারতের সংবিধানে বলা হয়েছে যে ভারত হল একটা—

(ক) ধর্ম নিরপেক্ষ রাষ্ট্র (খ) একটা গণতান্ত্রিক রাষ্ট্র
(গ) গণতান্ত্রিক সার্বভৌম সাধারণতন্ত্র

৮। মাদ্রাজ হল ভারতের—

(ক) উত্তর দিকে (খ) দক্ষিণ দিকে (গ) পূর্ব দিকে

৯। পশ্চিমবঙ্গ হল ভারতের—

(ক) পূর্বাঞ্চলের একটা রাজ্য
(খ) পশ্চিমাঞ্চলের একটা রাজ্য
(গ) দক্ষিণাঞ্চলের একটা রাজ্য

১০। ভারতের লোকসভায় যিনি পৌরোহিত্য করেন তাকে কি বলা হয় ?

(ক) প্রধানমন্ত্রী (খ) অধ্যক্ষ (গ) রাষ্ট্রপতি

১১। বিধায়ক কাদের বলা হয় ?

(ক) যাঁরা হাত দেখেন (খ) রাজ্য বিধানসভার সদস্যদের
(গ) বিধান সভার অধ্যক্ষকে

১২। এম পি বা সংসদ সদস্য কাদের বলা হয় ?

(ক) কংগ্রেস সদস্যকে

(খ) পার্লামেণ্ট বা সংসদের সদস্যদের

(গ) শিক্ষা সংসদের সদস্যদের

১৩। সংসদ সদস্য বলতে শুধু রাজ্যসভা না শুধ লোকসভার সদস্যদের বোঝায় ?

(ক) রাজ্যসভার সদস্যদের (খ) লোকসভার সদস্যদের

(গ) উভয় সভার সদস্যদের

১৪। রাজ্যসভার কে সভাপতিত্ব করেন ?

(ক) প্রধানমন্ত্রী (খ) রাষ্ট্রপতি (গ) উপরাষ্ট্রপতি

১৫। ভারতের মোঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠা করেন—

(ক) শাজাহান (খ) আকবর (গ) বাবর

১৬। দিল্লীর জমা মসজিদ তৈরী করান কোন সম্রাট ?

(ক) শাহজাহান (খ) শের শাহ (গ) আকবর

১৭। আগ্রার তাজমহল তৈরী করান কে ?

(ক) ঔরঙ্গজেব (খ) শাহজাহান (গ শিবাজী

১৮। কার স্মৃতিতে তাজমহল তৈরী হয়েছিল ?

(ক) মমতাজ (খ) তানসেন (গ) তাজউদ্দিন

১৯। দিল্লীর লালকেল্লা তৈরী করিয়েছিলেন কোন সম্রাট ?

(ক) আকবর (খ) শাহজাহান (গ) বাবর

২০। ভারতের সবচেয়ে দীর্ঘ রাস্তা জি. টি. রোড তৈরী করিয়েছিলেন কে ?

(ক) ঔরঙ্গজেব (খ) আকবর (গ) শেরশাহ

২১। মুঘল ই আজম নামে পরিচিত ছিলেন কে ?

(ক) হুমায়ুন (খ) বাবর (গ) আকবর

২২। মোঘল সাম্রাজ্যের পতনের জন্য দায়ী—

(ক) ঔরঙ্গজেব (খ) শাজাহান (গ) নাদির শাহ
—কোনটা ঠিক ?

২৩। ভারতের স্বাধীনতার জন্য প্রথম যদ্ধ শুরু হয়—

(ক) ১৯৫৭ সালে (খ) ১৮৫৭ সালে
(গ) ১৯৪৭ সালে

২৪। পলাশীর যুদ্ধের পর ভারতে বৃটিশ সাম্রাজ্যের প্রতিষ্ঠা হয়েছিল। এই পলাশীর যুদ্ধটা হয় কত সালে ?

(ক) ১৯৫১ সালে (খ) ১৭৫৭ সালে
(গ) ১৮৪৭ সালে

২৫। পানিপথের প্রথম যুদ্ধে ভারতে মোঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠা হয়েছিল। ঐ যুদ্ধটা হয়েছিল কোন সালে ?

(ক) ১৫৭৫ সালে (খ) ১৫২৬ সালে
(গ) ১৬২৬ সালে

২৬। ভারতে ইস্ট ইণ্ডিয়া কোম্পানী প্রতিষ্ঠিত হয়েছিল

(ক) ১৫০০ সালে (খ) ১৬০০ সালে
(গ) ১৭০০ সালে
—কোনটা ঠিক ?

২৭। বৃটিশের বিরুদ্ধে ভারত ছাড়ো আন্দোলন শুরু হয় কোন সালে ?

(ক) ১৯৪৭ সালে (খ) ১৯৪২ সালে
(গ) ১৯৪১ সালে

২৮। আলেকজাণ্ডার ভারত আক্রমণ করেন—

(ক) ৩২৬ খৃষ্ট পূর্বাব্দে (খ) ২৭৩ খৃষ্ট পূর্বাব্দে
(গ) ৩২৬ খৃষ্টাব্দে

২৯। পৃথ্বিরাজ যে যুদ্ধে মহম্মদ ঘোরীকে পরাজিত করেন সেই যুদ্ধের নাম কি ছিল ?

(ক) পলাশীর যুদ্ধ (খ) পাণিপথের প্রথম যুদ্ধ
(গ) তরাই-এর প্রথম যুদ্ধ

৩০। হাউস বোট কোথায় আছে ?

(ক) বিহারে (খ) কাশ্মীরে (গ) পশ্চিমবঙ্গে

৩১। বিদ্যাসাগর পশ্চিমবঙ্গের কোথায় জন্মগ্রহণ করেছিলেন ?

(ক) মেদিনীপুরের বীরসিংহ গ্রামে
(খ) বীরভূমের সিউড়ীতে (গ) হাওড়া শিবপুরে

৩২। বিদ্যাসাগরের আসল নাম কি ছিল ?

(ক) রাম কিশোর বিদ্যাবিনোদ
(খ) ঈশ্বরচন্দ্র বন্দ্যোপাধায়
(গ) ভগবানদাস বন্দ্যোপাধ্যায়

৩৩। ঈশ্বরচন্দ্র কত বছর বয়সে 'বিদ্যাসাগর' উপাধি পেয়েছিলেন ?

(ক) ১৮ বছর বয়সে (খ) ১২ বছর বয়সে
(গ) ২১ বছর বয়সে

৩৪। বিদ্যাসাগরের পিতার নাম কি ছিল ?

(ক) পরমেশ্বর বন্দ্যোপাধ্যায়
(খ) ঠাকুরদাস বন্দ্যোপাধ্যায় (গ) হরিহর বিদ্যাসাগর

৩৫। বিদ্যাসাগর ৩১ বছর বয়সে প্রথম যে কলেজের অধ্যক্ষ হয়েছিলেন তার নাম—

(ক) স্কটিশচার্চ কলেজ (খ) সংস্কৃত কলেজ
(গ) প্রেসিডেন্সী কলেজ

৩৬। রোগী দেখার জন্য বিদ্যাসাগর কি চিকিৎসা শিখেছিলেন—

(ক) কবিরাজী (খ) টোটকা (গ) হোমিওপ্যাথী

৩৭। গৌড় কাকে বলা হয় ?

(ক) বাংলাকে (খ) বিহারের মালভূমি অঞ্চলকে
(গ) প্রাচীনকালে উত্তর ও পশ্চিমবঙ্গের কিছু অংশকে

৩৮। নিচে যে নামগুলো আছে তার মধ্যে দেশের স্বাধীনতা রক্ষার জন্য কে কে প্রাণ দিয়েছিলেন ?

(ক) প্রফুল্ল চাকী, ক্ষুদিরাম বসু, ভগৎ সিং
(খ) বিনয় বাগচী, বাদল ভট্টাচার্য্য
(গ) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় বিভাস মজুমদার

৩৯। নদীর জল শেষ পর্যন্ত কোথায় গিয়ে মেশে ?

(ক) গঙ্গায় (খ) সাগরে (গ) খালে

৪০। অসমীয়া কোন রাজ্যের সরকারী ভাষা ?

(ক) অন্ধ্রপ্রদেশ (খ) আসাম (গ) অরুণচল প্রদেশ

৪১। কোন রাজ্যের সরকারী ভাষা তামিল ?

(ক) কর্ণাটক (খ) কেরালা (গ) তামিলনাড়ু

৪২। অন্ধ্র প্রদেশের সরকারী ভাষা কি ?

(ক) ওড়িয়া (খ) তেলেগু (গ) তামিল

৪৩। ওড়িয়া কোন রাজ্যের সরকারী ভাষা।

(ক) মহারাষ্ট্র (খ) ওড়িশা (গ) আসাম

৪৪। মাদ্রাজের লোকেরা যে ভাষায় কথা বলে তার নাম কি ?

(ক) মহারাস্ট্র (খ) মাদ্রাজী (গ) হিব্রু

৪৫। বাংমাদেশের সরকারী ভাষা কি ?

(ক) হিন্দি (খ) বাংলা (গ) ইংরাজী



৩৪—৪৩টি উত্তর ঠিক হ'লে মান 'ক'
২৭—৩৩টি উত্তর ঠিক হ'লে মান 'খ'
১৮—২৬টি উত্তর ঠিক হ'লে মান 'গ'

কুইজ ৫

সঠিক শব্দটি বসিয়ে শূন্যস্থান পূরণ কর :—

১। ——— চোখের পাতা হলো তিনটে ?

(ক) বাঁদদের (খ) সরীসৃপ ও উভচর প্রাণীদের
(গ) জলচর প্রাণীদের

২। ——— মাছের কাঁটা নিয়ে নিজেদের বাসা তৈরী করে।

(ক) পিগমিরা (খ) হায়নারা (গ) মাছরাঙা পাখিরা

৩। জিরাফের গলার লম্বা অংশটায় ——— হাড় আছে।

(ক) একটা (খ) পাঁচটা (গ) সাতটা

৪। ——— মানুষের মাথার চুলের রঙ কালো।

(ক) সব সময় মাথায় সূর্য্যের তাপ লাগে বলে
(খ) মেলানিন নামে একরকম রঞ্জক পদার্থের জন্য
(গ) স্বাভাবিক ভাবে চুলের রঙ কালো বলে

৫। ——— পাখিরা বহু দূরের জিনিষ ভাল দেখতে পায়।

(ক) রেটিনা থাকার ফলে (খ) পেক্‌টেন থাকার ফলে
(গ) চোখ বড় থাকার ফলে

৬। যে জাহাজটাতে করে ডারউইন পৃথিবী পরিক্রমায় গিয়েছিলেন সেটার নাম ———।

(ক) আই এল এস নীলগিরি
(খ) আই এন এস বিক্রান্ত (গ) এইচ এম এস বিগল

৭। ——— সবচেয়ে শক্ত ধাতু।

(ক) লোহা (খ) তামা (গ) এ্যালুমিনিয়াম

৮। ——— ব্যাটারীতে ব্যবহার করা হয়?

(ক) লোহা (খ) সীসা (গ) দস্তা

৯। নিচের তিনটে জিনিষের মধ্যে সবচেয়ে শক্ত জিনিষ হলো ———।

(ক) কয়লা (খ) হীরে (গ) মুক্তো

১০। ——— সবচেয়ে দ্রুতগামী।

(ক) ট্রেন (খ) বাস (গ) আলো

১১। নিচের তিনটে তরল পদার্থের মধ্যে সবচেয়ে ভারী হলো ———।

(ক) জল (খ) পারদ (গ) পেট্রোল

১২। জলের তিন রকমের অবস্থা হ'লো — — —।

(ক) জল / বাস্প / বরফ
(খ) মিষ্টি জল / নোনতা জল / নোংরা জল
(গ) পরিষ্কার জল / ঘোলা জল / মিষ্টি জল

১৩। কোনো——— ঠিক তখনই দুপুর হয়।

(ক) যায়গা যখন সূর্য্যের সবচেয়ে কাছে আসে
(খ) যায়গা যখন সূর্য্য থেকে একেবারে দূরে চলে যায়

১৪। ——— ছায়া অপেক্ষাকৃত বড় হয়।

(ক) সূর্য্য ওঠার সময় (খ) ঠিক দুপুরে

১৫। ডাঙ্গায় ——— সবচেয়ে দ্রুতগামী প্রাণী।

(ক) হরিণ (খ) চিতা বাঘ (গ) কুকুর

১৬। ——— সবচেয়ে মন্থরগতির জীব।

(ক) কেঁচো (খ) কচ্ছপ (গ) শামুক

১৭। ——— সবচেয়ে লম্বা সরীসৃপ প্রাণী।

(ক) কেউটে সাপ (খ) কুমীর (গ) অজগর

১৮। সবচেয়ে উঁচুতে অবস্থিত।

(ক) বৃটেন (খ) তিব্বত (গ) চীন

১৯। আয়তনের দিক থেকে ভারতের স্থান পৃথিবীতে ———।

(ক) দ্বিতীয় (খ) পঞ্চম (গ) সপ্তম

২০। জনসংখ্যার দিক থেকে ভারতের স্থান পৃথিবীতে ———।

(ক) দ্বিতীয় (খ) সপ্তম (গ) চতুর্থ

২১। ——— সবচেয়ে ছোট পাখী।

(ক) চড়াই (খ) ফিঙ্গে (গ) হামিং বার্ড

২২। চা গাছের বৈজ্ঞানিক নাম হলো ———।

(ক) টি ট্রপসি (খ) টি ট্রি (গ) ক্যামেলিয়া সাইনেনসিস



১৬—২০টি উত্তর ঠিক হ'লে মান 'ক'
১৩—১৫টি উত্তর ঠিক হ'লে মান 'খ'
৯—১২টি উত্তর ঠিক হ'লে মান 'গ'

কুইজ
৬

সঠিক উত্তরের পাশে √ চিহ্ন দাও :—

১। ইংলণ্ডের প্রথম টেস্ট ক্রিকেটের অধিনায়ক কে ছিলেন ?

(ক) ডেভিড গাওয়ার (খ) লিলি হোয়াইট
(গ) ডন ব্রাডম্যান

২। গুগলি বলের অন্য নাম কি ?

(ক) বোজি (খ) অভ ব্রেক (গ) স্পীন

৩। সবচেয়ে দ্রুতগতির খেলা কোনটা ?

(ক) হকি (খ) ফুটবল (গ) স্কাই ডাইভিং

৪। ঘণ্টায় ১৮৫ মাইল বেগে কোন খেলা হয় ?

(ক) ঘোড় দৌড় (ঘ) স্কাই ডাইভিং
(গ) বিলিয়ার্ড

৫। বাই সাইকেল পোলো খেলাটা উদ্ভাবিত হয় কবে ?

(ক) ১৮৯১ সালে (খ) ১৭৫৮ সালে
(গ) ১৯০২ সালে

৬। বাই সাইকেল পোলো খেলার উদ্ভাবক কে ?

(ক) রিচার্ড জে মেক্লোড (আইরিশম্যান)
(খ) জন পিটার (বৃটিশ)
(গ) মাইকেল ফেরেয়া (ভারত)

৭। কোন উইকেট রক্ষক সবচেয়ে বেশী ব্যাটসম্যানকে আউট করেছেন ?

(ক) সৈয়দ কিরমানি (ভারত)
(খ) সেলিম ইউসুফ (পাকিস্তান)
(গ) রডনি মার্শ (অস্ট্রেলিয়া)

৮। ক্রিকেট খেলোয়াড় কপিলের পুরো নাম কি ?

(ক) কপিল চন্দ্র দেব (খ) কপিলদেব নিখাঞ্জ
(গ) কপিলদেব শর্মা

৯। কপিলদেব তাঁর বলে যখন তিনশোতম উইকেটটি নেন তখন তিনি কাকে আউট করেন ?

(ক) রুমেশ রত্নায়েক (শ্রীলঙ্কা)
(খ) ভিভিয়ান রিচার্ডস (ওয়েস্টইন্ডিজ)
(গ) ইমরান খান (পাকিস্তান)

১০। টেনিস খেলায় এ. বি. সি. নামে পরিচিত কারা ?

(ক) অরুনকুমার, ব্রিয়ন বর্গ, কোনার্স
(খ) অ্যাশ, বর্গ, কোনার্স
(গ) অজয়কুমার, বিমলকুমার, কৃষ্ণান

১১। বক্সিং এ প্রত্যেক রাউণ্ড কতক্ষণ ধরে চলে ?

(ক) ২ মিনিট (খ) ৩ মিনিট (গ) ৫ মিনিট

১২। বিশ্ব টেবিল টেনিস প্রতিযোগিতা প্রথম কবে অনুষ্ঠিত হয় ?

(ক) ১৮২২ সালে (খ) ১৯২৬ সালে
(গ) ১৯৫৭ সালে

১৩। ভলিবলের নেট কতটা লম্বা হয় ?

(ক) ৮ মিটার (খ) ১০.৫০ মিটার (গ) ৯.৫০ মিটার

১৪। পোলো খেলার কথা আমরা জানি। এই 'পোলো' শব্দটা কোথা থেকে এসেছে এবং এর অর্থ কি ?

(ক) ইংরেজী শব্দ পোল যার অর্থ বাঁশ তা থেকে
(খ) তিব্বতী ভাষায় পুলু যার অর্থ বল
(গ) ইংরাজী শব্দ পোল যার অর্থ মেরু তা থেকে

১৫। ওলিম্পিকে যে স্বর্ণপ্রদক প্রথম পুরস্কার হিসাবে দেওয়া হয় তা কত সোনায় তৈরী ?

(ক) পুরোটা সোনার তৈরী
(খ) সিসের পাতের ওপর সোনার জলে মোড়া
(গ) ১৪ ক্যারেট সৈনায় তৈরী

১৬। ভারতের কোন ক্রিকেট অধিনায়ক ক্রিকেট সিরিজের সবকটি ম্যাচে টসে জিতেছেন ?

(ক) কপিলদেব ৮৬-৮৭ সিরিজে সব কটি টসে জিতেছেন

(খ) মনসুর আলি খাঁ পাতৌদি ইংলণ্ডের বিরুদ্ধে ৬৩-৬৪ সিরিজে সব কটি টসে জেতেন

(গ) সুনীল গাভাস্কার ৬৮ ৬৯ সিরিজে সব কটি টসে জেতেন

১৭। ভারতের সবচেয়ে পুরানো হকি প্রতিযোগিতা কোনটা ?

(ক) ডেভিস কাপ (খ) বেটন কাপ (গ) রথম্যান কাপ

১৮। পেনাণ্টি বা এলাকার বাইরে এসে ফুটবলের গোলকিপার যদি হাত দিয়ে বল ধরে তবে কি তা আইন সিদ্ধ হবে ?

(ক) হ্যাঁ (খ) না

১৯। কোন ভারতীয় ক্রীড়াবিদ প্রথম 'পদ্মশ্রী' উপাধি পান ?

(ক) চুনী গোস্বামী (খ) মিলখা সিং

(গ) শৈলেন মান্না

২০। একদিনের ক্রিকেটে সবচেয়ে বেশী শতরান কে করেছেন ?

(ক) গাভাস্কার (খ) ভিভ রিচার্ডস (গ) ডন ব্রাডম্যান

২১। বিলিয়ার্ড খেলার টেবিলের কটা পা ?

(ক) চারটে (খ) ছটা (গ) আটটা

২২। ফুটবল খেলা কবে ওলিম্পিকে অন্তর্ভুক্ত হয় ?

(ক) ১৯০০ সালে প্যারিস ওলিম্পিকে
(খ) ১৯০৪ সালে সেণ্টলুই ওলিম্পিকে
(গ) ১৯০৮ সালে লণ্ডন ওলিম্পিকে

২৩। পাঞ্জাবের কোন গ্রামকে 'ভারতীয় হকি ধাত্রীগৃহ' বলা হয় ?

(ক) ফজিলকা (খ) সংসারপুর (গ) লুধিয়ানা

২৪। বাস্কেটবল খেলার একটা বলের ওজন কত ?

(ক) ২০ থেকে ২২ আউন্স (খ) ১৬ থেকে ১৮ আউন্স
(গ) ২৪ থেকে ২৬ আউন্স

২৫। ইণ্টারন্যাশানাল লন টেনিস চ্যাম্পিয়নশীপের খেলাটা কোন কাপের খেলা ?

(ক) ওডেন কাপের খেলা (খ) ডেভিস কাপের খেলা
(গ) রণজি ট্রফির খেলা

২৬। ক্রিকেট টেস্টে পৃথিবীতে সবচেয়ে বেশী শতরান করেছেন কোন খেলোয়াড় ?

(ক) ডন ব্রাডম্যান (খ) ইমরান খান
(গ) সুনীল গাভাসকার

২৭। জাপানী কুস্তীর নাম কি ?

(ক) ইকাবানু (ব) জজুৎসু (গ) মেৎসাবিশি

২৮। গাব্বু খেল কাকে বলে ?

(ক) ড্যাংগুলি খেলা (খ) মার্বেল খেলা

(গ) পোলো খেলা

২৯। কলকাতার ইডেন উদ্যানে কোন দলের বিরুদ্ধে কবে প্রথম ক্রিকেট টেস্ট খেলা হয় ?


(ক) ১৯৩৪ সালের ৫ই জানুয়ারী ইংলণ্ডের বিরুদ্ধে ভারতের

(খ) ১৯৩৪ সালের ৫ ই জুন অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ভারতের

(গ) ১৯৩১ সালের ১২ই মার্চ অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ভারতের

৩০। একদিনের ক্রিকেটে কোন ভারতীয় ক্রিকেট খেলোয়াড় প্রথম শতরান করেন ?

(ক) গাভাস্কার (খ) কপিলদেব (গ) শ্রীকান্ত



২৩—২৮ টি উত্তর ঠিক হ'লে মান 'ক'

১৮—২২ টি উত্তর ঠিক হ'লে মান 'খ'

১২—১৭ টি উত্তর ঠিক হ'লে মান 'গ'

কুইজ

সঠিক উত্তর বেছে নিয়ে √ চিহ্ন দাও :—

১। ভারতের সবচেয়ে বড় রাজ্য কোনটা ?

(ক) পশ্চিমবঙ্গ (খ) বিহার (গ) মধ্যপ্রদেশ

২। সবচেয়ে বড় দ্বীপ কোনটা

(ক) পশ্চিম ভারতীয় দ্বীপপুঞ্জ (খ) অস্ট্রেলিয়া
(গ) হনসু দ্বীপ

৩। সবচেয়ে বড় পাখী কোনটা ?

(ক) ময়ূর (খ) উটপাখী (গ) ঈগল

৪। টিয়া পাখীর সবচেয়ে প্রিয় খাদ্য কি ?

(ক) লঙ্কা (খ) ছোলা (গ) আম ও ভুট্টা

৫। বিড়ালের প্রিয় খাদ্য কি ?

(ক) মাছ (খ) দুধ (গ) ইঁদুর

৬। সাপ সবচেয়ে ভালবাসে কি খেতে ?

(ক) কলা (খ) ব্যাঙ (গ) দুধ

৭। ভাল্লুকের প্রিয় খাদ্য কি ?

(ক) কচু ও ওল (খ) আঙুর ও মধু
(গ) গাছের পাতা ও শেকড়

৮। হরি রহিমের পুত্র। আবার রাম হরির ভাই অথচ রহিমের পুত্র নয়। রাম রহিমের কে হতে পারে ?

(ক) ভাই (খ) ভাইপো (গ) নাতি

৯। ভারতের কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থার সংক্ষিপ্ত নাম কি ?

(ক) সি. আই. এ (খ) বি. বি. এ (গ) সি. বি. আই

১০। ইস্রাইলের কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থার নাম কি ?

(ক) কে. জি. বি. (খ) সি. আই. এ (গ) মোসাদ

১১। মার্কিন গোয়েন্দা সংস্থার সংক্ষেপে কি নাম ?

(ক) কে. জি. বি. (খ) সি. আই. এ (গ) সি. বি. আই

১২। সোভিয়েট গোয়েন্দা সংস্থার নাম সংক্ষেপে কি ?

(ক) সি. আই. এ (খ) কে. জি. বি. (গ) নেসেট

১৩। ছোটদের বাংলা গোয়েন্দা কাহিনীতে যে ফেলুদার কথা আছে সেই গোয়েন্দা কাহিনীর লেখক কে ?

(ক) প্রেমেন্দ্র মিত্র (খ) সত্যজিৎ রায়

(গ) শঙ্কু মহারাজ

১৪। রুবাইয়াত বইটার লেখক কে ?

(ক) অরিজিৎ মজুমদার (খ) ওমর খৈয়াম

(গ) সৈয়দ মুজতবা আলী

১৫। টাইম মেশিন কার লেখা ?

(ক) টি. এস. এলিয়ট (খ) এইচ. জি. ওয়েলস

(গ) টি. এইচ. হাক্সলি

১৬। স্টার্টিং হুইসেল কার লেখা ?

(ক) বিশ্বজিৎ ভট্টাচার্য্য (ভারত)

(খ) পেলে (ব্রাজিল)

(গ) হ্যারল শুমাখার (পশ্চিম জার্মানী)



১২—১৫ টি উত্তর ঠিক হ'লে মান 'ক'

৯—১১ টি উত্তর ঠিক হ'লে মান 'খ'

৬—৮ টি উত্তর ঠিক হ'লে মান 'গ'

কুইজ

৮

শূন্যস্থানে সঠিক শব্দটি বসিয়ে বাক্যটি সম্পূর্ণ কর ঃ—

১। ইন্দিরা গান্ধী বইটার লেখক হলেন —— ।

(ক) ইন্দিরা গান্ধী (খ) রাজীব গান্ধী
(গ) ডম মোরেস

২। —— মহাভারত রচনা করেন ।

(ক) বাল্মিকী (খ) বেদব্যাস (গ) হোমার

৩। 'শকুন্তলা' গল্পটা ইংরাজীতে অনুবাদ করেন —— ।

(ক) আর্থার কোনান ডয়েল
(খ) স্যার উইলিয়াম জোন্স (গ) লর্ড লিটন

৪। বাঙালি সাহিত্যিক —— ঘনাদা চরিত্রের সৃষ্টি করেছেন।

(ক) বুদ্ধদেব বসু (খ) লীলা মজুমদার
(গ) প্রেমেন্দ্র মিত্র

৫। 'তোড়ায় বাঁধা ঘোড়ার ডিম' বইটার লেখক হলেন ——।

(ক) সত্যজিৎ রায় (খ) প্রেমেন্দ্র মিত্র
(গ) খগেন্দ্রনাথ মিত্র

৬। কিশোর জ্ঞান-বিজ্ঞান একটি —— পত্রিকা।

(ক) মাসিক (খ) সাপ্তাহিক (গ) বার্ষিক

৭। স্বাধীনতা যুদ্ধে ভারতীয় রমনীদের মধ্যে প্রথম নেতৃত্ব দিয়েছিলেন ——।

(ক) রানী ভবানী (খ) রানী লক্ষ্মীবাঈ
(গ) জিজাবাঈ

৮। সর্ব প্রথম ভারত মহাসাগর সাঁতারে পার হয়েছিলেন ——।

(ক) মধুমিতা গোস্বামী (খ) আরতি সাহা
(গ) মালতী দাস

৯। ভারতকে নিজের মাতৃভূমি মনে করে ভারতের স্বাধীনতার জন্য আন্দোলন করেছিলেন —— ।

(ক) মাদার টেরেসা (খ) নিবেদিতা
(গ) অ্যানি বেসান্ত

১০। —— ভারতের প্রথম মহিলা প্রধানমন্ত্রী।

(ক) পদ্মজা নাইডু (খ) সরোজিনী নাইডু
(গ) ইন্দীরা গান্ধী

১১। ভারতের মধ্যে প্রথম মহিলা রাজ্যপাল হলেন —— ।

(ক) বিজয়লক্ষ্মী পণ্ডিত (খ) সরোজিনী নাইডু
(গ) পদ্মজা নাইডু

১২। ভারতের মধ্যে প্রথম মহিলা মুখ্যমন্ত্রী হলেন —— ।

(ক) পদ্মজা নাইডু (খ) ইন্দিরা গান্ধী
(গ) নন্দিনী শৎপথী

১৩। —— ভারতের প্রথম মহিলা রাষ্ট্রদূত।

(ক) ইন্দিরা গান্ধী (খ) বিজয়লক্ষ্মী পণ্ডিত
(গ) সরোজিনী নাইডু

১৪। ভারতের রাষ্ট্র প্রধান হলেন —— ।

(ক) প্রধানমন্ত্রী (খ) রাষ্ট্রপতি
(গ) সুপ্রীম কোর্টের প্রধান বিচারপতি

১৫। —— কালো হীরে বলে।

(ক) আফ্রিকার অধিবাসীদের (খ) কয়লাকে

(গ) কালো পাথরকে

১৬। —— তরল হীরে বলে।

(ক) জলকে (খ) পেট্রোলিয়ামকে (গ) পারদকে

১৭। —— অন্ধকারাচ্ছন্ন মহাদেশ বলে।

(ক) এশিয়াকে (খ) আফ্রিকাকে (গ) ইউরোপকে

১৮। ভারতের একজন সৈনিককে বলা হয় ——।

(ক) ফৌজ (খ) জওয়ান (গ) মিলিটারী

১৯। —— মাটি থেকে জল ও খাবার সংগ্রহ করে।

(ক) পাতা (খ) শেকড় (গ) কাণ্ড

২০। —— অহিংসার প্রথম প্রচারক ছিলেন।

(ক) ভগবান বুদ্ধ (খ) স্বামী বিবেকানন্দ

(গ) মহাত্মা গান্ধী

২১। ভগবান মহাবীর ——।

(ক) জৈন নামে পরিচিত ছিলেন

(খ) জীন নামে পরিচিত ছিলেন

(গ) মহাস্থবির নামে পরিচিত ছিলেন

২২। নিজামুদ্দিন ছিলেন ——।

(ক) একজন সুফী সন্ত (খ) একজন মৌলবাদী

২৩। বুদ্ধদেব জীবনের —— আদর্শের কথা প্রচার করেছিলেন।

(গ) পাঁচটা (খ) সাতটা (গ) আটটা

২৪। বৈদিক শিক্ষার জন্য —— চারটে স্থাপন করেছিলেন।

(ক) পানিনী (খ) শঙ্করাচার্য (গ) চৈতন্যদেব

২৫। 'খ' বিভাগ থেকে ঠিক কথাগুলি বেছে নিয়ে 'ক' বিভাগের ফাঁকা জায়গায় বসাও ঃ—

ক বিডাগ		খ বিভাগ
১) যীশুখৃষ্ট	।	ক) হিন্দি কবি
২) ভগবান মহাবীর	।	খ) গুরু গ্রন্থ সাহেব
৩) স্বামী বিবেকানন্দ	।	গ) বেদান্ত
৪) ভগবান বুদ্ধ	।	ঘ) বৌদ্ধধর্ম
৫) শঙ্করাচার্য্য	।	ঙ) জীন
৬) রামানুজাচার্য্য	।	চ) দার্শনিক
৭) কবীর	।	ছ) খৃষ্টধর্ম
৮) গুরু নানক	।	জ) আর্য্য সমাজ
৯) চৈতণ্যদেব	।	ঝ) ভক্তিবাদ
১০) স্বামী দয়ানন্দ	।	ঞ) বৈষ্ণব ধর্ম
১১) মহম্মদ	।	ট) রামকৃষ্ণ মিশন
১২) সক্রেটিস	।	ঠ) ইসলাম



১৯—২৪টি উত্তর ঠিক হ'লে মান 'ক'
১৫—১৮টি উত্তর ঠিক হ'লে মান 'খ'
১০—১৪টি উত্তর ঠিক হ'লে মান 'গ'

সুপার ক্যুইজ সমাধান

সমাধান—১

১। খ) ভারত ২। গ) বাংলা ৩। খ) হিমালয় ৪। গ) সিকিম ৫। গ) ভারত মহাসাগর ৬। খ) পাকিস্তান বাংলাদেশ চীন নেপাল ভূটান শ্রীলঙ্কা বার্মা ৭। খ) পাকিস্তান ও বাংলাদেশ ৮। খ) ১৯৪৭ সালে ৯। গ) ১৯৭১ সালে ১০। খ) পূর্ব পাকিস্তান ১১। ক) ত্রিভুজের মত ১২। খ) ভারতীয় ১৩। ক) না, বিভিন্ন ধর্ম অনুসরণ করে ১৪। গ) সাতটি ১৫। খ) হিন্দু ইসলাম খৃষ্ট জৈন বৌদ্ধ পাশী শিখ ১৬ খ) অগ্নিদেবতার মন্দিরে ১৭। খ) মন্দির ১৮। গ) বিহার ১৯। খ) মুসলীম ২০। গ) শিখ। ২১। ক) মন্দিরে ২২। গ) বৌদ্ধ ২৩। খ) পৃথিবীতে ২৪। খ) আমাদের মাথার ওপর ২৫। খ) না, পৃথিবী ঘুরছে ২৬। খ) হ্যাঁ, এক জায়গায় দাঁড়িয়ে আছে ২৭। খ) পৃথিবী সূর্য্যের চারদিকে ঘুরছে ২৮। খ) না চাঁদ সূর্য্যের আলোতে আলোকিত হয় ২৯। খ) না, চাঁদে কোন প্রাণী নেই ৩০। ক) ১৯৬৯ সালে।

সমাধান—২

১। খ) পৃথিবী হল একটা গ্রহ ২। ক) একটা জ্বলন্ত গ্যাসের পিণ্ড বা গোলা ৩। গ) গ্রহ ৪। গ) সূর্য্য থেকে ৫। খ) শেওলা ৬। গ) জল ৭। খ) মাছ ৮। ক) আর সব প্রাণীর মতই একরকম প্রাণী ৯। খ) আকারে যেমন তেমন বিশ্রী ১০। গ) বাঁদর জাতীয় প্রাণী ও গোরিলা থেকে ১১। গ) বনে ১২। গ) সাতটা ১৩। খ) পাঁচটা ১৪। খ) এশিয়া ১৫। খ) ২৫ টা ১৬। গ) বাংলা

১৭। খ) কর্ণাটক ১৮। গ) সাহারা ১৯। খ) উত্তর আফ্রিকায় ২০। খ) মরুভূমি ২১। খ) তারাপুর ২২। গ) ১৯৮৭ সালের ২৬শে মার্চ ২৩। খ) জাঁ অঁরি দুনাঁত ২৪। খ) বৃটেন ২৫। গ) সত্যজিৎ রায় ২৬। গ)নখ ও চুলে ২৭। গ) লণ্ডনে ২৮। খ) বাচেন্দ্রি পাল ২৯। ক) আশাপূর্ণা দেবী ৩০। ক) জার্মান বিজ্ঞানী ডব্ল্যু. সি. রোণ্টজেন (১৯০১)

সমাধান—৩

১। গ) অগুনতি ২। ক) হ্যাঁ, সূর্য্যের চেয়ে বড় নক্ষত্র আছে ৩। খ) সূর্য্য ৪। ক) সূর্য্য গ্রহ ও চন্দ্র ৫। খ) নটা ৬। ক) সূর্য্য চন্দ্র ও পৃথিবী একই সরলরেখায় আসে ৭। ক) সূর্য্য গ্রহণ ৮। খ) পূর্ণিমার রাত্রে ৯। গ) মঙ্গল ও শুক্রগ্রহ ১০। খ) বুধ ১১। গ) প্লুটো ১২। খ) বৃহস্পতি ১৩। ক) বুধ ১৪। গ) পৃথিবী ১৫। গ) সূর্য্যের।

সমাধান—৪

১। গ) রাষ্ট্রপতি ২। ক) দুটো ৩। ক) লোকসভা রাজ্যসভা ৪। গ) রাষ্ট্রপতি ৫। খ) ২১ বছর ৬। গ) ১৪টা ৭। গ) গণতান্ত্রিক সার্বভৌম সাধারণতন্ত্র ৮। খ) দক্ষিণ দিকে ৯। পূর্বাঞ্চলের একটা রাজ্য ১০। খ) অধ্যক্ষ ১১। খ) রাজ্য বিধানসভার সদস্যদের ১২। খ) পার্লামেণ্ট বা সংসদের সদস্যদের ১৩। গ) উভয় সভার সদস্যদের ১৪। গ) উপরাষ্ট্রপতি ১৫। গ) বাবর ১৬। ক) শাহজাহান ১৭। খ) শাহজাহান ১৮। ক) মমতাজ ১৯। খ) শাহজাহান ২০। গ) শেরশাহ ২১। গ) আকবর ২২। ক) ঔরঙ্গজেব ২৩। খ) ১৮৫৭ সালে ২৪। খ) ১৭৫৭ সালে ২৫। খ) ১৫২৬ সালে ২৬। খ) ১৬০০ সালে ২৭। খ) ১৯৪২ সালে ২৮। ক) ৩২৬ খৃষ্টপূর্বাব্দে ২৯। গ) তরাই এর প্রথম যুদ্ধ

৩০।খ) কাশ্মীরে ৩১। ক) মেদিনীপুরের বীরসিংহ গ্রামে ৩২। খ) ঈশ্বরচন্দ্র বন্দ্যোপাধ্যায় ৩৩। গ) ২১ বছর বয়সে ৩৪। খ) ঠাকুর-দাস বন্দ্যোপাধ্যায় ৩৫। খ) সংস্কৃত কলেজ ৩৬। গ) হোমিও প্যাথী ৩৭। গ) প্রাচীনকালে উত্তর ও পশ্চিমবঙ্গের কিছু অংশকে ৩৮। ক) প্রফুল্ল চাকী ক্ষুদিরাম বসু ভগৎ সিং ৩৯। খ) সাগরে ৪০। খ) আসামে ৪১। গ) তামিলনাড়ু ৪২। খ) তেলেগু ৪৩। খ) ওড়িশা ৪৪। খ) মাদ্রাজী ৪৫। খ) বাংলা

সমাধান—৫

১। খ) সরীসৃপ ও উভচর প্রাণীদের ২। গ) মাছরাঙা পাখিরা ৩। গ) সাতটা ৪। খ) মেলানিন নামে এক রকম রঞ্জক পদার্থের জন্য ৫। খ) পেকটেন থাকার ফলে, ৬। গ) এইচ এম এস বিগল ৭। ক) লোহা ৮। খ) সীসা ৯। খ) হীরে ১০। গ) আলো ১১। খ) পারদ ১২। ক) জল, বাস্প, বরফ ১৩। ক) জায়গা যখন সূর্য্যের সবচেয়ে কাছে আসে ১৪। ক) সূর্য্য ওঠার সময় ১৫। খ) চিতাবাঘ ১৬। গ) শামুক ১৭। গ) অজগর ১৮ খ) তিব্বত ১৯। গ) সপ্তম ২০। ক) দ্বিতীয় ২১। গ) হামিংবার্ড ২২। গ) ক্যামিলিয়া সাইনেনসিস

সমাধান—৬

১। খ) লিলি হোয়াইট ২। ক) বোজি ৩। গ) স্কাই ডাইভিং ৪। খ) স্কাই ডাইভিং ৫। ক) ১৮৯১ সাঁলে ৬। ক) রিচার্ড জে মেক্লোডি (আইরিশম্যান) ৭। গ) রডনি মার্শ (অস্ট্রেলিয়া) ৮। খ) কপিলদেব নিখাঞ্জ ৯। ক) রমেশ রত্নায়েকে (শ্রীলঙ্কা) ১০। খ) অ্যাশ বর্গ কোনার্স ১১ খ) ৩ মিনিট ১২। খ) ১৯২৬ সালে ১৩। গ) ৯.৫০ মিটার ১৪। খ) তিব্বতী ভাষায় 'পুলু' যার অর্থ বল ১৫। খ) সিসের পাতের ওপর সোনার জলে মোড়া ১৬। খ) মনসুর আলি খাঁ পতৌদি ইংলণ্ডের বিরুদ্ধে ৬৩—৬৪ সিরিজের সব কটি টসে জেতেন ১৭। খ) বেটন

কাপ ১৮। খ) না ১৯। খ) মিলখা সিং ২০। খ) ভিভ রিচার্ডস ২১। গ) আটটা ২২। ক) ১৯০০ সালে প্যারিস ওলিম্পিকে ২৩। খ) সংসারপদুর ২৪। ক) ২০ থেকে ২২ আউন্স ২৫। খ) ডেভিস কাপের খেলা ২৬। গ) সন্নীল গাভাস-কার ২৭। খ) জনুজনুৎসন্ ২৮। খ) মর্বেল খেলা ২৯। ক) ১৯৩৪ সালের ৫ই জানুয়ারী ইংল্যাণ্ডের বিরন্দ্ধে ভারতের ৩০। খ) কপিলদেব

সমাধান—৭

১। গ) মধ্যপ্রদেশ ২। খ) অস্ট্রেলিয়া ৩। খ) উটপাখী ৪। গ) আম ও ভূট্টা ৫। গ) ইঁদনর ৬। খ) ব্যাঙ ৭। খ) আঙনর ও মধন ৮। খ) ভাইপো ৯। গ) সি বি আই ১০। গ) মোসাদ ১১। খ) সি আই এ ১২। খ) কে জি বি ১৩ খ) সত্যজিৎ রায় ১৪। খ) ওমর খৈয়াম ১৫। খ) এইচ জি ওয়েলস ১৬। খ) হ্যারল শন্মাখার (পশ্চিম জার্মানী।

সমাধান—৮

১। খ) ডম মোরেস ২। খ) বেদব্যাস ৩। ক) উইলিয়াম জোন্স ৪। গ) প্রেমেন্দ্র মিত্র ৫। ক) সত্যজিৎ রায় ৬। ক) মাসিক ৭। খ) রাণী লক্ষ্মীবাই ৮। খ আরতি সাহা ৯। গ) অ্যানি বেসান্ত ১০। গ) ইন্দিরা গান্ধী ১১। খ) সরোজিনী নাইডন ১২ গ) নন্দিনী শৎপথী ১৩। খ) বিজয়লক্ষ্মী পণ্ডিত ১৪। খ) রাস্ট্রপতি ১৫। খ) কয়লাকে ১৬। খ) পেট্রোলিয়ামকে ১৭। খ) আফ্রিকা ১৮। খ) জওয়ান ১৯। খ) শেকর ২০। ক) ভগবান বন্দ্ধ ২১। খ) জীন নামে পরিচিত ছিলেন ২২। ক) এক-জন সনফীসন্ত ২৩। গ) আটটা ২৪। খ) শঙ্করাচার্য্য ২৫। ১। ছ খৃষ্টধর্ম ২ ঙ) জীন ৩) ট) রামকৃষ্ণ মিশন ৪) খ) বৌদ্ধধর্ম ৫) গ) বেদান্ত ৬) ঞ) বৈষ্ণব ধর্ম ৭) ক) হিন্দি কবি ৮) খ) গনরন গ্রন্থ সাহেব ৯) ঝ) ভক্তিবাদ ১০) জ) আর্য্য সমাজ ১১) ঠ) ইসলাম ১২) চ) সক্রেটিস।

——